রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**কারিগরি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/২৮ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৮১-আইন/২০২০।**—বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সুপারিশক্রমে, উক্ত আইনের তপশিল নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উক্ত আইনের তপশিল ১ এর "ক্রমিক নং" শিরোনামাধীন ১ নং কলামের—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে "কোর্সের নাম" শিরোনামাধীন ২নং কলামের এন্ট্রিতে উল্লিখিত দফা (ঞ) বিলুপ্ত হইবে; এবং

(খ) ক্রমিক নং ৪ এবং তৎবিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে, যথাক্রমে, নিম্নরূপ ক্রমিক নম্বর ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | মাধ্যমিকোত্তর পর্যায়ের সার্টিফিকেট কোর্স নিম্নরূপ, যথা :—<br>(ক) এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রোডাকশন, পোল্ট্রি ফার্মিং;<br>(খ) অটোমোবাইল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়েল্ডিং (ইন্ডাস্ট্রিয়াল ফ্যাসিলিটিজ), সিভিল কন্সট্রাকশন, এগ্রিকালচার, এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রোডাকশন, ফিসারিজ, ফরেস্ট্রি, লেদার, গ্রাফিক্স অ্যান্ড প্রিন্টিং, গ্লাস অ্যান্ড সিরামিক, আরএমজি, আইসিটিসহ অনুরূপ কোর্স। | এক বৎসর | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সার্টিফিকেট ইন (ব্রাঞ্চ) স্পেশালাইজেশন |

"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রহিমা আক্তার**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd